# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮৯৬

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - সদাক্বার মর্যাদা

بَابُ فَضْلِ الصَّدَقَةِ

---

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: كُلُّ سُلَامَى مِنَ النَّاسِ عَلَيْهِ صَدَقَةٌ: كُلَّ يَوْمٍ تَطْلُعُ فِيهِ الشَّمْسُ يَعْدِلُ بَيْنَ الِاثْنَيْنِ صَدَقَةٌ وَيُعِينُ الرَّجُلَ عَلَى دَابَّتِهِ فَيَحْمِلُ عَلَيْهَا أَوْ يَرْفَعُ عَلَيْهَا مَتَاعَهُ صَدَقَةٌ والكلمة الطّيبَة صَدَقَة وكل خطْوَة تخطوها إِلَى الصَّلَاةِ صَدَقَةٌ وَيُمِيطُ الْأَذَى عَنِ الطَّرِيقِ صَدَقَة

বাংলা

১৮৯৬-[৯] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মানুষের উচিত শরীরের প্রতি জোড়ার জন্য প্রতিদিন সদাক্বাহ্ (সাদাকা) দেয়া। দু’ ব্যক্তির মধ্যে ন্যায়বিচার করাও সদাক্বাহ্ (সাদাকা), কোন ব্যক্তিকে অথবা তার আসবাবপত্র নিজের বাহনে উঠিয়ে নেয়াও সদাক্বাহ্ (সাদাকা), কারো সাথে ভাল কথা বলা, সালাতের দিকে যাবার প্রতিটি কদম, এসবই এমনকি চলাচলের পথ থেকে কষ্টদায়ক কিছু সরিয়ে দেয়াও সদাক্বাহ্ (সাদাকা)। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৯৮৯, মুসলিম ১০০৯, আহমাদ ৮১৮৩, ইবনু হিব্বান ৩৩৮১, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ১০২৫, সহীহ আত্ তারগীব ৩০৯, সহীহ আল জামি‘ আস্ সগীর ৪৫২৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (كُلُّ سُلَامى)অর্থাৎ শরীরের ৩৬০টি জোড়ার প্রত্যেকটির জন্য সদাক্বাহ্ (সাদাকা) অপরিহার্য।

হাদীসটির অর্থঃ আল্লাহ তা‘আলার শুকরিয়ার্থে মানুষের প্রতিটি জোড়ার জন্য সদাক্বাহ্ (সাদাকা) দিতে হয় কারণ আল্লাহ তা‘আলা মানুষের হাড়ের মধ্যে জোড়া স্থাপন করে তার আঙ্গুল, হাত, পা-গুলোকে গুটিয়ে রাখতে সক্ষম

করে তুলেছেন আবার সে ইচ্ছা করলে তা সম্প্রসারিত করতে, হাঁটতে, বসতে ও শুয়ে থাকতে পারছে। এটি নিঃসন্দেহে আল্লাহর এক মহান নি‘আমাত। যার শুকরিয়া আদায় করা বান্দার একান্ত দায়িত্ব। কারণ আল্লাহ জোড়া সৃষ্টি না করলে তার অঙ্গ-প্রত্যঙ্গগুলো কাঠ, লোহা সাদৃশ্য হয়ে যেত যার দ্বারা সে স্বাভাবিকভাবে কোন কাজই সম্পাদন করতে পারতো না। অত্র হাদীসে বলা হয়েছে, প্রত্যেক জোড়ার উপরে দায়িত্ব হলো সদাক্বাহ্ (সাদাকা) দেয়া এ কথাটি রূপক অর্থে ব্যবহৃত। বস্ত্তত সদাক্বাহ্ (সাদাকা), জোড়ার মালিক মানুষের ওপরই ওয়াজিব হতে পারে।

(بَيْنَ الِاثْنَيْنِ)অর্থাৎ দু’জন বিবাদকারীর মাঝে মীমাংসা করে দিলে (صَدَقَةٌ)সদাক্বার সম সাওয়াব হবে। (الكلمة الطّيبَة) অর্থাৎ সাধারণভাবে ভাল কথা সর্বদাই অথবা মানুষের সাথে ভাল কথা সদাক্বাহ সম সাওয়াব বয়ে আনে। (الْأَذٰى)কোন কাটা, হাড়, পাথর, ঢিলা এ জাতীয় বস্ত্ত যা মানুষকে চলাচলে কষ্ট দেয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56456

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন